৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUN 1997
পৃঃ ১ কলাম ৫

# চট্টগ্রাম ভার্সিটির প্রায় ২৬ কোটি টাকার বাজেট

সালাউদ্দিন রেজা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরের জন্য প্রায় ১ কোটি টাকার ঘাটতিসহ মোট ২৫ কোটি ৭৯ লক্ষ টাকার রাজস্ব বাজেট প্রণয়ন (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

(১ম পৃঃ পর)

করা হইয়াছে। আগামী ৩০শে জুন অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির যৌথ সভায় উক্ত বাজেট অনুমোদনের জন্য পেশ করা হইবে। উল্লেখ্য যে, সিনেটের ব্যাপারে আদালতের নিষেধাজ্ঞা থাকার কারণে সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির সভায় বাজেট পেশ করা হইবে। ১৯৯৭-৯৮ আর্থিক সনের জন্য প্রণীত রাজস্ব বাজেটের মধ্যে ২৩ কোটি ২৭ লক্ষ টাকা পাওয়া যাইবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে এবং ছাত্র-ছাত্রীদের নিকট হইতে আদায়কৃত বর্ধিত ফি, বেতন বাবদ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হইতে ২ কোটি ৫২ লক্ষ টাকা যোগান দেওয়ার লক্ষ্য ধার্য করা হইলেও প্রায় ১ কোটি টাকার ঘাটতি থাকিয়া যাইবে। বিশ্ববিদ্যালয় উন্নয়ন খাতের জন্য পাওয়া যাইবে ১৩ কোটি ১০ লক্ষ টাকা। উক্ত টাকা একটি ফ্যাকাল্টি ভবন নির্মাণ ও একাডেমিক ভবন সম্প্রসারণ কাজে ব্যবহার করা হইবে। বাজেটে বেতন-ভাতা খাতে খরচ দেখান হইয়াছে ১৫ কোটি-৮২ লক্ষ টাকা। পেনশন খাতে ২ কোটি এবং প্রশাসনিক অন্যান্য খাতে ৭ কোটি ৯৭ লক্ষ টাকা খরচ দেখান হইয়াছে।